# 2021
# BENGALI
## [GENERAL]
## Paper : IV

Full Marks : 100 Time : 3 Hours

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

১। 'সভ্যতার বিকাশে শিল্পায়নের গুরুত্ব অপরিসীম।'' — এ সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

**অথবা**

তোমার শিক্ষালয়ে 'আন্তর্জাতিক ভাষাদিবস' (২১ ফেব্রুয়ারী) উদ্‌যাপন বিষয়ে প্রতিবেদন লেখো।

২। যে কোনো **দশটি** শব্দের বাংলা পরিভাষা লেখো : ১×১০=১০

Agronomy, Bearer cheque, Case-Diary, Debenture, Efficient, Grievance, Hearing, Interpreter, Juvenile

*[Turn over]*

Prisoner, Mutation, Quotation, Recruit, Steering Committee, Title deed, Vacancy.

৩। তোমার অঞ্চলে বিধিসম্মত স্বাস্থ্যপরিষেবার ব্যবস্থাগ্রহণ বিষয়ে স্থানীয় পঞ্চায়েত প্রধানের সঙ্গে একটি সাক্ষাৎকার গ্রহণের খসড়া তৈরি করো। ১০

**অথবা**

স্থানীয় অঞ্চলে নদী-ভাঙন রোধের বিষয়ে স্থানীয় বিধায়কের সঙ্গে একটি সাক্ষাৎকারের খসড়া প্রস্তুত করো।

৪। বিজ্ঞাপনের সংজ্ঞা উল্লেখ করে, বিজ্ঞাপনের প্রকৃত উদ্দেশ্য সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

**অথবা**

রক্তদানের উপর ভিত্তি করে একটি জনকল্যাণকর বিজ্ঞাপন রচনা করো।

৫। বাংলায় অনুবাদ করো ঃ ১০

Our personality is composed of the following entities :

- The body is our outer layer which receives stimuli from the world and responds to them by way of actions.
- The mind is the home of emotions and feelings.

It generates loves and hates, creates whims and fancies and functions on impulse.

- The intellect is that which differentiates between pairs of opposites. It is abode of rationality, analysis, judgement.
- The spirit – referred to as Atman – is your real self. It breathes life into the lifeless body, mind and intellect.

**অথবা**

This was my first outing. The bank of the Ganges welcomed me into its lap like a friend of a former birth. There, infront of the servants' quarters, was a grove of Guava trees, and sitting in the verandah under the shade of these, gazing at the flowing current through the gaps between their trunks, my days would pass. Every morning, as I awoke, I somehow felt the day coming to me like a new gilt-edged letter, with some unheard of news awaiting me on the opening of the envelope.

৬। রোমীয় বর্ণমালায় নিম্নলিখিত অনুচ্ছেদের লিপ্যন্তর করো ঃ ১৫

সৃষ্টিকার রবীন্দ্রনাথের শেষ বিশিষ্ট ভূমিকা চিত্রশিল্পীর। চিত্র ও



অঙ্কন বিদ্যায় তাঁর কোনো শিক্ষা ছিল না। তবুও ষাট বছর বয়সে তিনি চিত্রকর্মে নেমে অপূর্ব নবকর্মিতার পরিচয় দিলেন। খসড়া কবিতার কাটাকুটি হিজিবিজি থেকেই তাঁর চিত্রশিল্পে অভিসরণ শুরু। কবি তাঁর এক বন্ধুকে লিখেছিলেন যে এই খেয়ালখুশির কাটা-ছেঁড়াগুলিই যেন নিজেরা প্রকাশ পাবার জন্য কবিকে অবচেতনভাবে খোঁচা দিত। সাহিত্য রচনার অনুপ্রেরণা থেকে তাঁর ছবি আঁকার অনুপ্রেরণার প্রকৃতি সম্পূর্ণ বিপরীত। তাঁর সাহিত্য রচনার সময় ভাব লেখায় রূপ নেয়, কিন্তু চিত্র অঙ্কনের সময় রূপ ভাবকে ফুটিয়ে তোলে। সাহিত্যের তুলনায় চিত্র-শিল্পের মূল কবিচেতনার আরও গভীরতায়।

**অথবা**

নিভৃতে সাহিত্যের রসসম্ভোগের উপকরণের বেষ্টন হতে একদিন আমাকে বেরিয়ে আসতে হয়েছিল। সেদিন ভারতবর্ষের জনসাধারণের যে নিদারুণ দারিদ্র্য আমার সম্মুখে উদঘাটিত হল তা হৃদয়বিদারক। অন্ন বস্ত্র পানীয় শিক্ষা আরোগ্য প্রভৃতি মানুষের শরীরমনের পক্ষে যা কিছু অত্যাবশ্যক তার এমন নিরতিশয় অভাব বোধ হয় পৃথিবীর আধুনিক শাসনচালিত কোনো দেশেই ঘটে নি। অথচ এই দেশ ইংরেজকে দীর্ঘকাল ধরে তার ঐশ্বর্য জুগিয়ে এসেছে। যখন সভ্যজগতের মহিমা ধ্যানে একান্তমনে নিবিষ্ট ছিলাম তখন কোনোদিন সভ্যনামধারী মানব আদর্শের এতবড়ো নিষ্ঠুর বিকৃত রূপ কল্পনা করতেই পারিনি, অবশেষে দেখছি, একদিন এই বিকারের ভিতর দিয়ে বহুকোটি জনসাধারণের প্রতি সভ্যজাতির অপরিসীম অবজ্ঞাপূর্ণ ঔদাসীন্য।

৭। প্রুফ সংশোধন করো ঃ ১৫

মূল কপি

সপ্তাহখানেকের মধ্যে সকলেই বুঝিল, নববধূ বোবা। তা কেহ বুঝিল না, সেটা তাহার দোষ নহে। সে কাহাকেও প্রতারণা করে নাই। তাহার দুটি চক্ষু সকল কথাই বলিয়াছিল, কিন্তু কেহ তাহা বুঝিতে পারে নাই। সে চারিদিকে চায়-ভাষা পায়না, যাহারা বোবার ভাষা বুঝিত সেই আজন্ম পরিচিত মুখগুলি দেখিতে পায়না-বালিকার চিরনীরব হৃদয়ের মধ্যে একটা অসীম অব্যক্ত ক্রন্দন বাজিতে লাগিল - অন্তর্যামী ছাড়া আর কেহ তাহা শুনিতে পাইল না।

প্রুফ কপি

সপ্তাহখানে কের মধ্যে সকলে বোঝিল নববধু বোকা। তা কেউ বু ঝিলনা সেটা তাহার দোষ নয়। সে কাউকেও প্রতারণা করে না। তাহার দু চক্ষু সকল কথা বলিয়াছিল, কিন্তু কেহ তা বুঝি তে পারেনাই। সে চারি দিকে চায় ভাষা পানায় - যাহারা বোঝার ভাষা বুঝিত শেই আজন্ম পরিচিত মুখগুলি দেখিতে পায়না-বালিকার চিরনীর হৃদয়ে মধ্যে একটা অসীম অব্যক্ত কান্না বাজিতে লাগিল-অন্তর্যামী ছাড়া আর কেউ তা শুনিতে পেল না।

**অথবা**

মূল কপি

সাধারণ মেয়ে

আমি অন্তঃপুরের মেয়ে,



চিনবে না আমাকে।

তোমার শেষ গল্পের বইটি পড়েছি, শরৎবাবু,

‘বাসি ফুলের মালা,’

তোমায় নায়িকা এলোকেশীর মরণদশা ধরেছিল

পঁয়ত্রিশ বছর বয়সে।

পঁচিশ বছর বয়সের সঙ্গে ছিল তার রেষারেষি

দেখলেম তুমি মহদাশয় বটে,

জিতিয়ে দিলে তাকে।।

প্রুফ কপি

আবী অন্তঃপুরের মেয়ে

চিনবেক না আমারে।

তোমাব যেশ গল্পের বইটি পড়ে

শরৎবাবু, ‘বাসিফুলের বালা’

তোমার নাবিকা এলোকেশীর

মণর দশা ধরেছিল

পঁয়ত্রিশ বরছ বয়সে।

পঁচিশবছর বয়সের সঙ্গে রেষারেষি

দেখলেম মহদাশয় বটে, জিতে দিলে তাকে।

৮। যে কোনো **একটি** বিষয় অবলম্বন করে প্রবন্ধ রচনা করো :
(আনুমানিক ৩০০ শব্দের মধ্যে) ২০

ক) সাম্প্রতিক বাংলা কবিতা।

খ) বাংলার শিশুসাহিত্য।

গ) কলকাতা বইমেলা : ২০১৮।

ঘ) মধুসূদন ও বাংলা সাহিত্য।

ঙ) ছোটগল্পকার রবীন্দ্রনাথ।

————